চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম -১৩ মার্চ -২০১৯ ইংরেজী

সিটি মেয়রের সাথে সাক্ষাত করলেন ইইউ রাষ্ট্রদূতগণ

এলডিসির অবস্থান থেকে বেরিয়ে আসার
বাংলাদেশের ভিশনকে স্বাগত জানান ইইউ প্রতিনিধিদল

ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত রেনজি তিরিংক আজ বুধবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের সাথে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতকালে ইউরোপীয় ইউনিয়নের বাণিজ্য উপদেষ্টা আবু সাইয়েদ মো. বেলাল, স্পেনের রাষ্ট্রদূত মি. আলবারো ডিসালাস, নেদারল্যান্ডের রাষ্ট্রদূত মি. হেরি ভারুইজ, ইটালির রাষ্ট্রদূত মি. এনরিকো নুনজিয়াতা এবং চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মো. আবু শাহেদ চৌধুরী, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমদ, প্রধান নগর পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম উপস্থিত ছিলেন। ইইউ রাষ্ট্রদূতগণ মেয়র কার্যালয়ে পৌঁছলে মেয়র তাদেরকে স্বাগত জানান এবং ফুলেল শুভেচ্ছাসহ সিটি কর্পোরেশনের মনোগ্রাম খচিত ক্রেস্ট উপহার দেন। প্রতিনিধি দলের নেতা তিরিংক বলেন ইইউ বাংলাদেশের শিক্ষা খাতের ক্ষেত্রে বড় উন্নয়নের অংশীদার। এই সময় ইইউ দূতের সাথে থাকা অন্যান্যরা বাংলাদেশের সমসাময়িক উন্নয়ন ও রোহিঙ্গাদের আশ্রয় দেয়ার ভূয়শী প্রশংসা করেন। প্রতিনিধিদলের নেতা বলেন উন্নয়নের ক্ষেত্রে বাংলাদেশে প্রচুর সম্ভাবনা রয়েছে। পোশাক শিল্প, মৎস্য,জনশক্তি,কৃষি শিল্পাঞ্চলসহ বহু সেক্টরে উজ্জল ভবিষ্যত দেশের অর্থনৈতিক বুনিয়াদকে মজবুত করতে সহায়ক ভূমিকা পালন করছে। তিনি আরো বলেন গত কয়েক দশকে বাংলাদেশের পরিবর্তন লক্ষনীয় এবং এখানে উন্নত নগরায়ন ঘটেছে। চট্টগ্রাম বাংলাদেশের সবচেয়ে সুন্দর শহর এখানকার প্রাকৃতিক সৌন্দর্য, পরিবেশ, সাগর-নদী সবকিছু মানুষকে আকৃষ্ট করে। প্রতিনিধি দলের নেতা তিরিংক সিটি মেয়রের কাছে বর্তমান নগরীর চ্যালেঞ্জ ও সমস্যা সম্পর্কে জানতে চাইলে মেয়র বলেন বর্ষা মৌসুমে জলাবদ্ধতা,অপরিকল্পিত নগরায়ন ও যোগাযোগ ব্যবস্থা বর্তমান নগরের বড় সমস্যা। তিনি বলেন ১৯৯৫ সালে চট্টগ্রাম নগরীর জন্য একটি মহা পরিকল্পনা প্রণয়ন করা হয়। এই পরিকল্পনা অনুযায়ী জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে ড্রেনেজ মাষ্টার প্লানসহ অপরাপর খাল সমূহ গভীর ও প্রশস্থ করার প্রস্তাব রাখা হয়েছিল। বৈশ্বিক জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক দূর্যোগে চট্টগ্রাম সবচেয়ে বেশি ক্ষতি গ্রস্ত হচ্ছে। কর্ণফুলী নদী ভরাট, সাগরের উচ্চতা বৃদ্ধি পাওয়ায় এর বিরূপ প্রভাব পড়েছে। মেয়র প্রতিনিধি দলকে চট্টগ্রাম মহানগর এলাকা, ভূপ্রাকৃতিক অবস্থান, জনসংখ্যা নগরীর শিক্ষা কার্যক্রম,সিটি কর্পোরেশনের নাগরিক সেবা, নগর উন্নয়ন কার্যক্রম সম্পর্কে অবহিত করেন । মেয়র বলেন বর্তমানে একটি মাষ্টার প্লান্ট নবায়নের কাজ চলছে এই পরিকল্পনায় চট্টগ্রাম নগরীকে একটি আন্তর্জাকি মানের বন্দর নগরী ও বাণিজ্যিক প্রানকেন্দ্র হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে পর্যাপ্ত দিক নির্দেশনা থাকবে বলে তিনি প্রতিনিধি দলের সদস্যদেরকে অবহিত করেন। এই প্রসঙ্গে প্রতিনিধি দলের নেতা তিরিংক অর্থনতির সুফল দেশের সকল মানুষের মধ্যে সমবন্টন করার ওপর গুরুত্বারোপ করে বলেন প্রবৃদ্ধির সুফল সকলের মধ্যে সুষম বন্টন নিশ্চিত না হলে দারিদ্র পুরোপুরি বিমোচন হবেনা। রাষ্ট্রদূত ২০২১ সালের মধ্যে একটি মধ্য আয়ের দেশ এবং ২০২৪ সালের মধ্যে এলডিসির অবস্থান থেকে বেরিয়ে আসার বাংলাদেশের ভিশন ও পরিকল্পনাকে স্বাগত জানিয়ে বলেন বাংলাদেশের এটি হবে একটি ইতিহাস।

প্রেস বিজ্ঞপ্তি

সিটি মেয়রের সাথে বাংলাদেশ আওয়ামী
মৎস্যজীবী লীগ নেতৃবৃন্দের সাক্ষাত

চট্টগ্রাম -১৩ মার্চ -২০১৯ ইংরেজী

বাংলাদেশ আওয়ামী মৎস্যজীবী লীগ কেন্দ্রীয় কমিটি কর্তৃক অনুমোদিত চট্টগ্রাম মহানগর আওয়ামী মৎস্যজীবী লীগের নব কমিটির নেতৃবৃন্দ আজ বুধবার বিকলে নগরভবনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ

জ ম নাছির উদ্দীনের সাথে সাক্ষাত করেন। এসময় কমিটির সভাপতি মো. মোজাম্মেল হক চৌধুরী, সহ সভাপতি হাজী সেলিম রহমান, কামরুল হুদা চৌধুরী, তৌহিদুর হোসাইন, সাধারন সম্পাদক জাফর আহমেদ চৌধুরী, যুগ্ম সাধারন সম্পাদক শাহেদ হায়দার খাঁন, গোলাম মোস্তফা, সাংগঠনিক সম্পাদক শাহেদ সুমন সিদ্দিকী, হাজী জয়নাল আবেদীন, হাজী মো. হাসান, দপ্তর সম্পাদক জসিম উদ্দীন, ত্রান ও পূনর্বাসন বিষয়ক সম্পাদক মো. আকতারুজ্জামান, সমাজ কল্যান বিষয়ক সম্পাদক মো. মফিদুল ইসলাম স্বপন, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সঞ্জিত কুমার দাশ ও সহ বন ও পরিবেশ সম্পাদক শান্তনু চৌধুরী উপস্থিত ছিলেন। এ সময় নেতৃবৃন্দ সাংগঠনিক কর্মকান্ডে মেয়রের সহযোগিতা কামনা করেন। সিটি মেয়র সংগঠনের ভাবমুর্তি উজ্জ্বলে নব নির্বাচিত কর্মকর্তাদের সংগঠনের জন্য নিবেদিতভাবে কাজ করার পরামর্শ দেন। মেয়র এই সংগঠনের সহযোগিতায় মৎস্য বান্ধব জননেত্রী শেখ হাসিনার সরকারের আগামী ভিশন বাস্তবায়নে সকলকে একযোগে কাজ করার আহবান জানান। এসময় নব নির্বাচিত নেতৃবৃন্দকে মেয়র ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান

আইটির জন্য চসিক ভুমি দেয়ায় সিটি মেয়রকে অভিনন্দন : সম্প্রতি শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার এর জন্য চসিক এর ভুমি বরাদ্ধ দেয়ায় অনলাইন ভিত্তিক আওয়ামী সংগঠন এম ফোর্স এর পক্ষ থেকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনকে অভিনন্দন জানিয়েছেন। আজ বুধবার বিকেলে নগর ভবনে সংগঠনের নেতৃবৃন্দ মেয়রকে ফুলেল শুভেচ্ছা ও ক্রেস্ট উপহার দেন। এসময় সংগঠনের প্রতিষ্ঠা এডমিন ইয়াসির আরাফাত চৌধুরী মেন্টর আহমেদ হাসনাইন, সিনিয়র এডমিন মাইনুল ইসলাম ডিউক, সদস্য সেলিমনা, কাউছার, সবুজ, এস এম জয়নাল আবেদীন, ফাহিম, হিমু, সাদি, রাজিব প্রমুখ উপস্থিত ছিলেন। সাক্ষাতকালে নেতৃবৃন্দ মেয়রের যুযোপযোগী সিদ্ধান্তে প্রশংসা করেন।

চসিকের মাসব্যাপী মাটি উত্তোলন কর্মসুচি অব্যাহত

চট্টগ্রাম -১৩ মার্চ -২০১৯ ইংরেজী।

নগরীর ৫ টি ওয়ার্ডের নালা-নর্দমা থেকে মাটি উত্তোলন কর্মসুচির অংশ হিসেবে আজ ৩য় দিবসে চসিকের উদ্যোগে ২শত ৩৫ টন মাটি উত্তোলন করা হয়। ওয়ার্ডগুলোর মধ্যে দেওয়ান বাজার ৪০ টন, জামালখান ৫০ টন, আন্দরকিল্লা ৫০ টন, উত্তর পতেঙ্গা ৩৫ টন ও দক্ষিণ পতেঙ্গা ৬০ টন মাটি উত্তোলন করে। কর্পোরেশনের নিজস্ব জনবল দিয়ে মাসব্যাপী এ কর্মসূচী পরিচালিত হচ্ছে। আগামী ১১ এপ্রিল পর্যন্ত এ কর্মসূচি চলমান থাকবে। আগামীকাল এ ৫টি ওয়ার্ডের মাটি উত্তোলন কাজ শেষ হবে। আগামী ১৫ থেকে ১৮ মার্চ পর্যন্ত চারদিন পরিচালিত হবে পশ্চিম ষোলশহর, শুলকবহর, বাগমনিরাম, উত্তর আগ্রাবাদ ও দক্ষিণ হালিশহর ওয়ার্ডে। ১৯ থেকে ২২ মার্চ পর্যন্ত চারদিন পরিচালিত হবে পশ্চিম বাকলিয়া, দক্ষিণ বাকলিয়া, গোসাইলডাঙ্গা, হালিশহর মুনিরগর ও দক্ষিণ মধ্যম হালিশহর ওয়ার্ডে। ২৩ থেকে ২৬ মার্চ পর্যন্ত চারদিন পরিচালিত হবে চান্দগাঁও, লালখান বাজার, চকবাজর, উত্তর হালিশহর ও আলকরণ ওয়ার্ডে। ২৭ থেকে ৩০ মার্চ পর্যন্ত পরিচালিত হবে উত্তর কাট্টলী, দক্ষিণ কাট্টলী, পাহাড়তলী, এনায়েত বাজার ও বঙিরহাট ওয়ার্ডে। ৩১ মার্চ থেকে ৩ এপ্রিল পর্যন্ত পরিচালিত হবে উত্তর পাহাড়তলী, উত্তর পাঠানটুলী, রামপুর, দক্ষিণ আগ্রাবাদ, পাথরঘাটা ওয়ার্ডে। ৪ থেকে ৭ এপ্রিল পর্যন্ত পরিচালিত হবে পাঁচলাইশ, মোহরা, পূর্ব ষোলশহর, সরাইপাড়া ও ফিরিঙ্গিবাজার ওয়ার্ডে। এবং ৮ থেকে ১১ এপ্রিল পর্যন্ত দক্ষিণ পাহাড়তলী, জালালাবাদ, পূর্ব বাকলিয়া, পাঠানটুলী, পশ্চিম মাদারবাড়ী ও পূর্ব মাদারবাড়ি ওয়ার্ডে এ ক্রাশ প্রোগ্রাম পরিচালিত হবে।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন